



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

MC-14596

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৬৭/১৭৪৫৬

তারিখ : ১৬/০৫/২০১৬খ্রিঃ

বিষয় : তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন পশ্চিম রামখানা একরামিয়া দাখিল মাদরাসার সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করেছেন। অপরদিকে উক্ত নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনে বিভিন্ন অনিয়ম হয়েছে মর্মে কমিটির কতিপয় সদস্যগণ একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক..... (১৭৪৫৬) পাতা।

উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

১৬/০৫/১৬



প্রফেসর এ. কে. এম. ছায়েফ উল্লাহ
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৬৭/

তারিখ :- /০৫/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৪. সুপার, পশ্চিম রামখানা একরামিয়া দাখিল মাদরাসা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৫. জনাব মোঃ আব্দুর রাজ্জাক/মোঃ ফজলে গং, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।


মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪

বরাবর,

রেজিষ্ট্রার,

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,

বখশি বাজার, ঢাকা।

বিষয় : নব গঠিত ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনে অনিয়মের বিরুদ্ধে অভিযোগ।

জনাব,

বিনীত নিবেদন এই যে, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন পশ্চিম রামখানা একরামিঞা দাখিল মাদরাসার নবগঠিত ম্যানেজিং কমিটির সদস্য বৃন্দ এই মর্মে অভিযোগ করিতেছি যে, অত্র মাদরাসার নবগঠিত ম্যানেজিং কমিটির বিভিন্ন ক্যাটাগরি নির্বাচনে গত ১২/০৪/২০১৬ইং তারিখে আমরা নির্বাচিত হই। পুনর্দ্র কমিটির সভাপতি নির্বাচনের জন্য গত ১৮/০৪/২০১৬ইং তারিখ প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে তার অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অভিভাবক সদস্য জনাব ফজলে হক কে সভাপতি হিসাবে নাম প্রস্তাব করা হয়। প্রস্তাবের পক্ষে ০৪ জন সদস্য সমর্থন জ্ঞাপন করেন। পক্ষান্তরে সুপার সাহেব বিধি বহির্ভূত ভাবে জনাব মোঃ মোজাফ্ফর হোসেন কে সভাপতি করার জন্য স্থানীয় এম.পি মহোদয়ের সুপারিশ সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যদের মধ্যে ০৩ জন সদস্য মোজাফ্ফর হোসেনের পক্ষে সমর্থন করেন। প্রকৃত পক্ষে মোজাফ্ফর হোসেন গঠিত কমিটির কোন ক্যাটাগরির সদস্য নহেন। ২৩ জুলাই ২০০৯ এর প্রবিধান ৮ মতে ম্যানেজিং কমিটি গঠনের নীতি মালায় নির্বাচিত সদস্য গনের মধ্য হইতে সভাপতি নির্বাচন করার কথা উল্লেখ আছে। বিধি মোতাবেক ম্যানেজিং কমিটিতে এম.পি মহোদয়ের সুপারিশ কোন ভাবেই গ্রহন যোগ্য নয় হেতু প্রিজাইডিং অফিসার সভাপতি নির্বাচন বন্ধ রাখেন। আমরা নিশ্চিত হই যে, ২৫/০৪/২০১৬ইং তারিখে সুপার সাহেব গোপনে সভাপতি মনোনয়ন করে পুনর্দ্র কমিটি অনুমোদনের জন্য মাদরাসা বোর্ডে দাখিল করেন। উল্লেখ্য যে, তফশীল অনুযায়ী ০৭/০৪/২০১৬ইং নির্বাচনের তারিখ নির্ধারণ ছিল। কিন্তু প্রিজাইডিং অফিসার ০৭/০৪/২০১৬ইং তারিখের পরিবর্তে ১২/০৪/২০১৬ইং তারিখে নির্বাচনের কার্যক্রম সম্পন্ন করেন।

অতএব বিষয়টি বিবেচনা করিয়া সুপার কর্তৃক দাখিলকৃত সভাপতি বাতিল পূর্বক নির্বাচিত কমিটির সদস্য গন কর্তৃক মনোনীত সভাপতিসহ পুনর্দ্র ম্যানেজিং কমিটি অনুমোদন দিতে আপনার মর্জি হয়।

সংযুক্ত :

১। ১০০০/-টাকার ব্যাংক ড্রাফট।

২। আনুসঙ্গিক প্রমান পত্র.....পাতা।

বিনীত নিবেদক

নবগঠিত ম্যানেজিং কমিটির সদস্য গনের পক্ষে

- ১। মোঃ মোজাফ্ফর হোসেন (সভাপতি)
- ২। মোঃ মোজাফ্ফর হোসেন (সভাপতি)
- ৩। মোঃ মোজাফ্ফর হোসেন (সভাপতি)
- ৪। মোঃ মোজাফ্ফর হোসেন (সভাপতি)
- ৫। মোঃ মোজাফ্ফর হোসেন (সভাপতি)